দৈনিক সংবাদ

তারিখ 10 OCT 1989
পৃষ্ঠা ২ কলাম ৪



126

# ঠাকুরগাঁয়ের ৫৫টি বিদ্যালয় দীর্ঘদিন পরও সরকারী করণের ব্যবস্থা হয়নি

ঠাকুরগাঁ, ৬ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।--ঠাকুরগাঁ জেলার ৫৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় দেড় যুগেরও বেশী সময় ধরে সরকারীকরণের অপেক্ষায় রয়েছে।

দেশ স্বাধীন হওয়ার আগে ও পরে জেলার ৪৭৬টি সরকারী বিদ্যালয়ের পাশাপাশি উক্ত বিদ্যালয় গড়ে ওঠে। জেলার পাঁচটি উপজেলার মধ্যে ঠাকুরগাঁ সদরে ১৭টি, পীরগঞ্জে ১৪টি, রাণীশংকইলে ৭টি, হরিপুরে ৬টি এবং বালিয়াডাংগী উপজেলায় ১১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। প্রতিটি বিদ্যালয়েই ২৫০ থেকে ৩ শতাধিক ছাত্রছাত্রী রয়েছে। বিদ্যালয়গুলোতে অর্থসংকট তীব্র আকার ধারণ করেছে। এর মধ্যে পৌর এলাকায় ৫টি বিদ্যালয় পৌরসভা থেকে সামান্য অনুদান পায়। এছাড়া সবগুলো বিদ্যালয়ই স্থানীয় জনগণের সাহায্য ও সহযোগিতায় পরিচালিত হচ্ছে। তবে অর্থসংকট তীব্র আকার ধারণ করায় বিদ্যালয়গুলোতে কোন সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। শিক্ষকরাও নিয়মিত বেতন না পাওয়ায় অর্থকষ্টে কাটাচ্ছে। এসব বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষকরা বিদ্যালয়গুলো সরকারীকরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানিয়েছেন।